দৈনিক সংবাদ

৩৬

তারিখ ... ০৪ NOV 1998 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল শনিবার উপাচার্য প্রফেসর কায়েস উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ১৪৩তম বিশেষ সিন্ডিকেটে এ সিদ্ধান্ত নেয়া হয়। পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাস, পরীক্ষা ও হলসমূহ বন্ধ থাকবে। তবে প্রশাসনিক কার্যক্রমসহ সকল অফিস খোলা থাকবে। শিক্ষার সুষ্ঠু

ইসলামী ঃ পৃঃ ৭ কঃ ৫

## ইসলামী ঃ বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

ও শান্তিপূর্ণ পরিবেশ ফিরে এলে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত নেবেন। উল্লেখ্য যে, গত ৩১শে অক্টোবর ছাত্রলীগ, শিবির ও পুলিশের মধ্যকার সংঘর্ষে ২ জন ছাত্র নিহত হবার পর কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। আগামী ৯ তারিখে হলসমূহ খোলা হবে। ১০ তারিখ থেকে ক্লাস চলার কথা থাকলেও ক্যাম্পাসের আশপাশের পরিবেশ উত্তপ্ত থাকার দরুন কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার সময় বৃদ্ধির সিদ্ধান্ত নেন।

এদিকে গতকাল ছাত্রশিবির ভোর ছয়টা হতে বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে জনসভা করার জন্য মঞ্চ তৈরি করতে থাকলে পুলিশ ১৪৪ ধারা জারি করে। পরে তারা স্থানীয় শেখপাড়া বাজারে জনসভার সিদ্ধান্ত নিলে পুলিশি বাধার মুখে ব্যর্থ হয়ে পার্শ্ববর্তী মদনগঞ্জ বাজারে ছাত্রশিবির জনসভা করে।

এদিকে ছাত্রলীগও গতকাল স্থানীয় শেখপাড়া উচ্চ বালিকা বিদ্যালয়ে শিবির-বিরোধী মিছিল ও জনসভা করে।

SHEETS